গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
হবিগঞ্জ সদর,হবিগঞ্জ
www.habiganjsadar.habiganj.gov.bd

স্মারক নং- ০৫.৪৬.৩৬৪৪.০০১.০৮.০১০.২০২১-৭০৫ তারিখঃ ২২ ডিসেম্বর ২০২১

বিষয় ঃ **উপজেলা আইন- শৃঙ্খলা কমিটির সভা অনুষ্ঠান প্রসংগে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, হবিগঞ্জ সদর উপজেলার ডিসেম্বর, ২০২১ মাসের উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সভা আগামী ২৮.১২.২০২১ তারিখ রোজ মঙ্গলবার বেলা ১১:০০ ঘটিকায় নিম্নস্বাক্ষরকারীর সভাপতিত্বে উপজেলা পরিষদ সভাকক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় মাননীয় সংসদ সদস্য, এডভোকেট মোঃ আবু জাহির মহোদয় উপস্থিত থাকার সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।

উক্ত সভায় যথা সময়ে উপস্থিত হয়ে সভার কার্যক্রমে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো। সভার কার্যপত্র আগামী ২৭.১২.২০২১ তারিখের মধ্যে এ কার্যালয়ে হার্ডকপি ও সফ্‌টকপি ই-মেইলে (unohabiganj@mopa.gov.bd) প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

২২-১২-২১
বর্ণালী পাল
উপজেলা নির্বাহী অফিসার
হবিগঞ্জ সদর,হবিগঞ্জ
unohabiganj@mopa.gov.bd

বিতরণ ঃ

০১। সহকারী কমিশনার (ভূমি), হবিগঞ্জ সদর
০২। উপজেলা -- অফিসার (সকল), হবিগঞ্জ সদর
০৩। অফিসার ইনচার্জ, সদর মডেল থানা, হবিগঞ্জ
০৪। চেয়ারম্যান --- ইউনিয়ন পরিষদ (সকল), হবিগঞ্জ সদর
০৫। জনাব --

অনুলিপি সদয় অবগতি/ কার্যার্থে প্রেরণ করা হলো :

০১। মাননীয় সংসদ সদস্য, হবিগঞ্জ-০৩
০২। জেলা প্রশাসক, হবিগঞ্জ
০৩। পুলিশ সুপার, হবিগঞ্জ
০৪। অধিনায়ক, র‍্যাব, হবিগঞ্জ (বিগত ০৯ নভেম্বর ২০২১ তারিখের সভার সিদ্ধান্তের আলোকে সভায় তাঁর একজন প্রতিনিধি প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো)
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ
০৬। নির্বাহী প্রকৌশলী, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড,হবিগঞ্জ (বিগত ০৯ নভেম্বর ২০২১ তারিখের সভার সিদ্ধান্তের আলোকে সভায় তাঁর একজন প্রতিনিধি প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো)
০৭। জেনারেল ম্যানেজার, হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ (বিগত ০৯ নভেম্বর ২০২১ তারিখের সভার সিদ্ধান্তের আলোকে সভায় তাঁর একজন প্রতিনিধি প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো)
০৮। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ

২২.১২-২১
বর্ণালী পাল
উপজেলা নির্বাহী অফিসার
হবিগঞ্জ সদর,হবিগঞ্জ
unohabiganj@mopa.gov.bd

হবিগঞ্জ সদর উপজেলার আইন-শৃঙ্খলা কমিটির ডিসেম্বর,২০২১ মাসের সভার কার্যবিবরণী:

সভাপতি : বর্ণালী পাল
উপজেলা নির্বাহী অফিসার, হবিগঞ্জ সদর,হবিগঞ্জ
সভার তারিখ : ২৮ ডিসেম্বর ২০২১, সময় : বেলা ১১:৩০ ঘটিকা
সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ
সভার হাজিরা : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

সভাপতি সভার শুরুতেই কমিটির উপদেষ্টা চেয়ারম্যান, উপজেলা পরিষদ জনাব মোতাচ্ছিরুল ইসলামসহ অংশগ্রহণকারী সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। এছাড়া কমিটির উপদেষ্টা জনাব এডভোকেট মো: আবু জাহির এমপি মহোদয় দেশের বাইরে অবস্থান করায় সভায় উপস্থিত হতে পারেননি মর্মে তিনি জানান। পরে নিম্নে বর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র:নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	দায়িত্ব
০১	বিগত সভার কার্যবিবরণী	বিগত ০৯.১১.২০২১ খ্রি: তারিখের সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়।	কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।	উপজেলা নির্বাহী অফিসার, হবিগঞ্জ সদর
০২	সার্বিক আইন-শৃঙ্খলা	র‍্যাব প্রতিনিধি, হবিগঞ্জ বলেন, আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণে তারা সর্বদা নিয়োজিত আছেন। যেকোন অপরাধ দমনে তথা খুন, ধর্ষণসহ বিভিন্ন অপরাধের সাথে জড়িতদের বিরুদ্ধে বিভিন্ন অভিযান পরিচালনা করা হচ্ছে। তাদের কাজে সকলের সহযোগিতা কামনা করেন।	(ক) অপরাধ নিয়ন্ত্রণে অপরাধের সাথে জড়িতদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণে র‍্যাব,হবিগঞ্জকে সহযোগিতা করার সিদ্ধান্ত গৃহীত হয়।	(ক) সংশ্লিষ্ট সকল, হবিগঞ্জ সদর
		(২) জনাব ইয়াছিন আরাফাত রানা,সহকারী কমিশনার (ভূমি), হবিগঞ্জ সদর বলেন, যার যার অবস্থান থেকে নিজ দায়িত্ব যথাযথভাবে পালন করলে সকলেই নিরাপদ থাকতে পারবো। তিনি আরও বলেন, গত মাসে তিনি নির্বাচনী আইন পালনের দায়িত্বে নিয়োজিত ছিলেন। যথাযথভাবে দায়িত্ব পালনের চেষ্ঠা করেছেন। তার উপর যে দায়িত্ব অর্পিত হয়েছে তা যথাযথভাবে পালন করার চেষ্ঠা করবেন।		
		(৩) জনাব ফেরদৌস আরা বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর মাসে ইউপি নির্বাচনে সহযোগিতাকারী সকলকে ধন্যবাদ জানান। বছরের শেষ সভা হিসেবে উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি বলেন, পল্লী বিদ্যুতের এজিএম পরিচয়ে মুঠোফোনে এক ব্যক্তি চাকরি দেয়ার নামে লোক প্রেরণ করার জন্য তাকে অনুরোধ করেন। কিন্তু জিএম পল্লী বিদ্যুৎ সমিতির সাথে যোগাযোগ করলে তার প্রতারণা ধরা পড়ে। প্রতারক চক্রের বিরুদ্ধে আইনানুগ পদক্ষেপ গ্রহণ করার জন্য তিনি র‍্যাব, হবিগঞ্জ ও অফিসার ইনচার্জ,হবিগঞ্জ সদর থানাকে অনুরোধ জানান।		
		(৪) জনাব দৌস মোহাম্মদ, ওসি (তদন্ত), হবিগঞ্জ সদর মডেল থানা বলেন, নভেম্বর, ২০২১ মাসে থানায় নারী ও শিশু নির্যাতন ২, পুলিশ আক্রান্ত ১,ছিনতাই ১, দ্রুত বিচার	(খ) হবিগঞ্জ সদর উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রাখা ও চুরি, ডাকাতি, মদ, গাঁজা ও	(খ) অফিসার ইনচার্জ, হবিগঞ্জ সদর মডেল থানা/ইউপি চেয়ারম্যান, হবিগঞ্জ সদর

		আইনে ১, মাদক আইনে ৬, অপমৃত্যু আইনে ২, অন্যান্য ৬ সহ মোট ১৯টি মামলা রুজু হয়েছে। তিনি বলেন, গত ২২ নভেম্বর বিএনপি'র সমাবেশকে কেন্দ্র করে অনাকাঙ্খিত ঘটনা ঘটে। (৫) চেয়ারম্যান,উপজেলা পরিষদ,হবিগঞ্জ সদর জানান যে, সংশ্লিষ্ট সকলের সহযোগিতায় হবিগঞ্জ সদর উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভালো। এজন্য উপজেলা নির্বাহী অফিসারসহ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। এছাড়া তিনি সবাইকে আসন্ন নতুন বছরের শুভেচ্ছা জানান। (৬) সভাপতি বলেন, কোভিড-১৯ এর সংক্রমণ আবারও বৃদ্ধি পেতে শুরু করেছে। সেহেতু সচেতন থাকা এবং স্বাস্থ্যবিধি মেনে চলার উপর তিনি গুরুত্বারোপ করেন। সকলে মিলে মিশে একসাথে ঐক্যবদ্ধভাবে কাজ করে এ উপজেলাকে এগিয়ে নেয়ার জন্য সকলের প্রতি আহবান জানান। আসন্ন নতুন বছর সকলের জন্য শুভ হোক এই প্রত্যাশায় তিনি সবাইকে আসন্ন ইংরেজি নববর্ষের শুভেচ্ছা জানান। নতুন বছরে সকলের সহযোগিতা নিয়ে হবিগঞ্জ সদর উপজেলার আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণসহ সার্বিক পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য কাজ করতে চান মর্মে প্রত্যয় ব্যক্ত করেন।	জুয়াসহ ছিনতাইকারীদের বিরুদ্ধে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	
		তিনি গ্রাম আদালতের অক্টোবর,২০২১ মাসের মামলার তথ্য নিম্নে ছক মোতাবেক উপস্থাপন করেন। এতে দেখা যায়, লুকড়া ইউনিয়নে ০৪, রিচি ইউনিয়নে ১১, তেঘরিয়া ইউনিয়নে ১৪, পৈল ইউনিয়নে ০৯, গোপায়া ইউনিয়নে ০৯, রাজিউড়া ইউনিয়নে ১০, নিজামপুর ইউনিয়নে ০১ ও লস্করপুর ইউনিয়নে ০৪ সর্বমোট ৬২টি মামলা অনিষ্পন্ন অবস্থায় আছে। অনিষ্পন্ন মামলাসমূহ দ্রুত নিস্পত্তি করার জন্য অনুরোধ জানান।	(গ) অনিস্পন্ন মামলাগুলো বিধি মোতাবেক দ্রুত নিস্পত্তি করার কার্যক্রম গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	(গ) ইউপি চেয়ারম্যান (সকল), হবিগঞ্জ সদর

ছক

ইউনিয়নের নাম	গ্রাম আদালতের মোট মামলার সংখ্যা	পূর্ববর্তী মাসের মামলার জের	বিবেচ্য মাসে দায়েরকৃত মামলার সংখ্যা	মোট মামলার সংখ্যা	বিবেচ্য মাসে নিস্পত্তিকৃত মামলার সংখ্যা	অনিস্পন্ন মামলার সংখ্যা	মন্তব্য
লুকড়া	০১	০২	-	০২	-	০২	
রিচি	০১	১১	-	১১	-	১১	
তেঘরিয়া	০১	১০	-	১০	-	১০	
পৈল	০১	০৫	-	০৫	-	০৫	
গোপায়া	০১	০৭	-	০৭	-	০৭	
রাজিউড়া	০১	০৫	-	০৫	-	০৫	

নিজামপুর	০১	-	-	-	-	-	
লস্করপুর	০১	০২	-	০২	-	০২	
মোট =	০৮	৪২	-	৪২	-	৪২	

সভায় অন্য কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮-১২-২০২১
বর্ণালী পাল
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
হবিগঞ্জ সদর, হবিগঞ্জ

স্মারক নং-০৫.৪৬.৩৬৪৪.০০১.০৪.০১১.২০২১- ৭২৯

তারিখ: ২৮ ডিসেম্বর ২০২১

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

০১। মাননীয় সংসদ সদস্য, হবিগঞ্জ-৩
০২। জেলা প্রশাসক, হবিগঞ্জ
০৩। পুলিশ সুপার, হবিগঞ্জ
০৪। অধিনায়ক, র‍্যাব, হবিগঞ্জ
০৫। চেয়ারম্যান,উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ
০৬। নির্বাহী প্রকৌশলী, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, হবিগঞ্জ
০৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,হবিগঞ্জ সদর, হবিগঞ্জ
০৮। সহকারী কমিশনার(ভূমি), হবিগঞ্জ সদর, হবিগঞ্জ
০৯। অফিসার ইনচার্জ, হবিগঞ্জ সদর মডেল থানা, হবিগঞ্জ
১০। জনাব .... সদস্য(সকল),উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ
১১। ....

২৮-১২-২০২১
বর্ণালী পাল
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
হবিগঞ্জ সদর, হবিগঞ্জ